

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/২৭ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৪১-আইন/২০২৪/২৪৭-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৫৮ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, উৎপাদিত বা আমদানিকৃত তামাকযুক্ত সিগারেটের মূল্য নির্ধারণসহ উহার প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

- (১) বিধি ৫ এর উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৪) বিধি ৪ ও এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, নিম্ন টেবিলের, যথাক্রমে, কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত সিগারেটের প্যাকেটের সর্বোচ্চ খুচরা মূল্যস্বর, শলাকা সংখ্যা, প্রকৃতি ও ডিজাইন অনুযায়ী, বিধি ৬ এর বিধান সাপেক্ষে, স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার করিতে হইবে, যথা:-

টেবিল

ক্রমিক নং	সর্বোচ্চ খুচরা মূল্য (প্রতি দশ শলাকা)	শলাকা সংখ্যা	সিগারেটের মোড়কের (প্যাকেট) প্রকৃতি	ডিজাইন	স্ট্যাম্প বা ব্যান্ডরোল
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১।	৫০ টাকা ও তদূর্ধ্ব	১০	শেল এন্ড স্লাইড	হালকা সবুজ	ব্যান্ডরোল
		১০	হার্ড এন্ড সফট	হালকা খয়েরি	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা খয়েরি	স্ট্যাম্প
২।	৭০ টাকা ও তদূর্ধ্ব	১০	শেল এন্ড স্লাইড	হালকা গোলাপী	ব্যান্ডরোল
		১০	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
৩।	১২০ টাকা ও তদূর্ধ্ব	১০	হার্ড এন্ড সফট	হালকা নীল	স্ট্যাম্প
		১২	হার্ড এন্ড সফট	হালকা নীল	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা নীল	স্ট্যাম্প
৪।	১৬০ টাকা ও তদূর্ধ্ব	১০	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প
		১২	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প

”; এবং

- (২) বিধি ১০ এর উপ-বিধি (৪) বিলুপ্ত হইবে।

২। এই প্রজ্ঞাপন ৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(হোসেন আহমদ)

সদস্য (মুসক নীতি)